বঙ্গবন্ধুর দর্শন,
সমবায়ে উন্নয়ন

সমবায়ে গড়ছি দেশ,
স্মার্ট হবে বাংলাদেশ

# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

বার্ষিকপ্রতিবেদন২০২২-২৩

**উপজেলা সমবায় অফিস**

**আটঘরিয়া, পাবনা**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়

**উপদেষ্টা**

**শেখ জাকিয়া সুলতানা**
উপজেলা সমবায় কর্মকর্তা
আটঘরিয়া, পাবনা।

**সম্পাদনা**

**১।** **তাপসী রাবেয়া**
**সহকারী পরিদর্শক**

**২।** **মোঃ মুনসুর আলম**
**সহকারী পরিদর্শক**
**উপজেলা সমবায় কার্যালয়**
**আটঘরিয়া, পাবনা**

**প্রকাশকাল**
অক্টোবর ২০২৩

**প্রকাশনায়**
উপজেলা সমবায় কার্যালয়
আটঘরিয়া, পাবনা।
http://cooparative.atghoria.pabna.gov.bd/
uco_atghoria@yahoo.com

**মুদ্রন, ডিজাইন ও বাইন্ডিং**
**তাপসী রাবেয়া**
**সহকারী পরিদর্শক**
উপজেলা সমবায় কার্যালয়
আটঘরিয়া, পাবনা।
http://cooparative.atghoria.pabna.gov.bd/
uco_atghoria@yahoo.com

**কপিরাইট**
সংরক্ষিত
উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা।
(বিক্রয়ের জন্য নয়)

বার্ষিক প্রতিবেদন২০২২-২৩



“আমাদের সংঘবদ্ধ জনশক্তির সমবেত প্রচেষ্টায় গড়ে তুলতে হবে ‘সোনার বাংলা’। এ দায়িত্ব সমগ্র জাতির, প্রত্যেক সাধারণ মানুষের এবং তাঁদের প্রতিনিধিদের। তবেই আমার স্বপ্ন সার্থক হবে, সার্থক হবে শহীদের আত্মত্যাগ, সার্থক হবে মাতার অশ্রু। রাজনৈতিক স্বাধীনতা তার সত্যিকারের অর্থ খুঁজে পাবে অর্থনৈতিক মুক্তির স্বাদে, আপামর জনসাধারণের ভাগ্যোন্নয়নে। তবেই গণতান্ত্রিক পদ্ধতির মাধ্যমে রূপায়িত হবে সমাজতান্ত্রিক নীতির এবং সেই অভীষ্ট লক্ষ্যে আমরা পৌঁছাবো সমবায়ের মাধ্যমে।”

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



সরকারের উন্নয়ন প্রচেষ্টায় সমবায় সম্ভাবনাময় শক্তি। সমবায়ের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। দারিদ্রের অভিশাপ থেকে মুক্তি পেতে সমবায় সহায়ক শক্তি হতে পারে। দেশের উন্নয়নকে ত্বরান্বিত করার ক্ষেত্রে সমবায় একটি পরীক্ষিত কৌশল। (সমবায় বার্তা, ফেব্রুয়ারি ২০১৯)

-মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা



জেলা সমবায় কর্মকর্তা
পাবনা।

# বাণী

স্মার্ট বাংলাদেশ গড়তে সমবায় বিভাগ তাদের কার্যক্রম পরিচালনা করছে। এতে করে সমবায় গণমানুষের সংগঠনে পরিণত হয়েছে। সমবায়কে আরো উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় বিভাগ নিরলসভাবে কাজ করে চলেছে। সমবায়ের গুণগত মান উন্নয়নে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টি, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে সমবায় বিভাগ আরো সমৃদ্ধি অর্জন করবে বলে বিশ্বাস করি।

উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা সমবায়ের সাফল্য তুলে ধরে বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। প্রতিবেদনে আটঘরিয়া উপজেলার সমবায় কার্যক্রমের সার্বিক চিত্র তুলে ধরা হয়েছে। প্রতিবেদনটি সমবায়ের কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং সাধারণ জনগণ উপকৃত হবে বলে আমি বিশ্বাস করি। যারা অক্লান্ত পরিশ্রম করে এই প্রকাশনাটি প্রণয়ন করেছেন তাদের সকলের প্রতি আমার আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করছি এবং সমবায়ের উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

সোলাইমান বেগ



**উপজেলা সমবায় কর্মকর্তা**
**আটঘরিয়া, পাবনা।**

# মুখবন্ধ

সমবায় হচ্ছে, সমমনা লোকদের সমঅধিকার প্রতিষ্ঠার সংঘবদ্ধ অর্থনৈতিক সংগঠন। অর্থাৎ সমবায় সুসংগঠিত শক্তির একটি নিয়মতান্ত্রিক সংগঠন। নিজেদের আর্থ সামাজিক উন্নয়নে একই উদ্দেশ্যে সমষ্টিগতভাবে কোন কাজ করাই সমবায়। ঘন বসতিপূর্ণ ও আয়তনের তুলনায় অত্যধিক জনসংখ্যার কৃষিনির্ভর বাংলাদেশে মানুষের আর্থ-সামাজিক নিরাপত্তাবলয় সৃষ্টি, আর্থিক উন্নতি ও নিরাপদ সমাজ গঠনে সমবায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

সমবায় বৃহৎ পুঁজির একচেটিয়া আধিপত্য এবং অসম্পূর্ণ বা অসম প্রতিযোগিতার বাজার ব্যবস্থার ক্ষতিকর প্রভাবের বিরুদ্ধে ক্ষুদ্র মানুষদের স্বার্থ রক্ষা করে। ব্যাপক সামাজিক উদ্যোগ ও সামাজিক পুঁজির বিকাশ এবং সর্বোপরি প্রাথমিক উৎপাদনকারীর সর্বাধিক মুনাফা নিশ্চিত, ক্ষুদ্র বিনিয়োগকারীর জন্য দক্ষ বিনিয়োগ সুবিধা এবং সাধারণ ভোক্তাদের ন্যায্যমূল্যে পণ্য প্রাপ্তিতে সহায়ক প্রাতিষ্ঠানিক পরিবেশ সৃষ্টি করে।

এ প্রেক্ষিতে উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা এর আওতাধীন নিবন্ধিত সমবায় সমিতিগুলো অত্র উপজেলার আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে আসছে। এ উপজেলায় বিভিন্ন পেশাজীবী জনগোষ্ঠির মাধ্যমে সমবায় সমিতি গঠনপূর্বক তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একীভূত করে নিজেদের মধ্যে আর্থ-সামাজিক উন্নয়ন, নিরাপত্তা এমনকি দেশের উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা এর বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রণয়নে যারা মেধা ও শ্রম দিয়ে সার্বিক সহযোগিতা করেছেন তাদের সকলকে আমার আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ।

শেখ জাকিয়া সুলতানা

## প্রারম্ভিকা

শত বছরের প্রাচীন ও পরীক্ষিত অর্থনৈতিক প্রক্রিয়া হচ্ছে সমবায়। সংঘবদ্ধভাবে অর্থনৈতিক ও সামাজিক উত্তরণের স্বপ্ন পূরণের লক্ষ্যে যে অভিযাত্রা, তারই নাম সমবায় আন্দোলন। সমবায় আজকাল আর বিত্তহীন ও স্বল্পবিত্ত জনগণের অগ্রগতির উদ্যোগ নয়, বৃহৎ অর্থনৈতিক পরিমন্ডলে এবং বিশ্ববাজারে অনুপ্রবেশ করে সমবায় সমিতিসমূহ ভিন্ন দিগন্তের উন্মোচন করেছে। শুরু হয়েছে সমবায়ের নতুন যুগ ''দিন বদলের পালা'' 'বিন্দু থেকে সিন্ধু' ''দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ'' ''সবার পরশে পবিত্র করা তীর্থ নীরে'' এ ভাবধারা ও মানসিকতায় এসেছে নতুন চেতনা, সংযোজিত হচ্ছে বৃহৎ বিনিয়োগ, সঞ্চারিত হচ্ছে নতুন উদ্দীপনা। সে লক্ষ্যেই আটঘরিয়া উপজেলা সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে।

### এক নজরে আটঘরিয়া উপজেলা সমবায় বিভাগ

উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা এর সাংগঠনিক কাঠামো
মোট জনবল-৫জন।




(১) বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির তথ্য (২০২২-২০২৩):

| ক্র:নং | ক্যাটাগরি | সমিতি সংখ্যা | পুরুষ সদস্য | মহিলা সদস্য | মোট সদস্য | শেয়ার | সঞ্চয় | সংরক্ষিত তহবিল | কার্যকরী মূলধন | মোট বিনিয়োগ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | অন্যান্য | ১৪ | 393 | 1055 | 1448 | 354760 | 24666975 | 95962 | 29178819 | 29625120 |
| 02. | আশ্রয়ণ | ৪ | 20 | 0 | 20 | 10150 | 10150 | 0 | 20300 | 0 |
| 03. | ইউসিএমপিএস | ৩ | 98 | 7 | 105 | 46450 | 24737 | 8984 | 528527 | 13964 |
| 04. | কর্মচারী | ১ | 29 | 4 | 33 | 33000 | 218870 | 31250 | 252420 | 50487 |
| 05. | কৃষি | ৮ | 363 | 77 | 440 | 285200 | 7222241 | 47237 | 7591289 | 950052 |
| 06. | তাঁতী | ৬ | 232 | 20 | 252 | 50180 | 70986 | 10071 | 113960 | 0 |
| 07. | পানি ব্যবস্থাপনা | ২ | 262 | 78 | 340 | 60900 | 423504 | 4721 | 492270 | 502041 |
| 08. | বহুমূখী | ৩ | 59 | 30 | 89 | 170200 | 246600 | 10920 | 434270 | 95334 |
| 09. | ব্যবসায়ী | ১ | 39 | 0 | 39 | 27000 | 37000 | 974 | 65396 | 32000 |
| 10. | ভূমিহীন | ১ | 21 | 0 | 21 | 21700 | 31500 | 165 | 53365 | 0 |
| 11. | ভোগ্যপণ্য | ৯ | 138 | 66 | 204 | 191300 | 274400 | 7108 | 476450 | 41540 |
| 12. | মৎস্যচাষী | ১ | 12 | 9 | 21 | 22000 | 43000 | 464 | 65802 | 0 |
| 13. | মৎস্যজীবী | ২৬ | 783 | 1 | 784 | 850500 | 1126500 | 156060 | 2202484 | 50000 |
| 14. | মহিলা | ৮ | 0 | 1152 | 1152 | 271700 | 24345407 | 71783 | 25348323 | 26162105 |
| 15. | যুব | ৩ | 106 | 3 | 109 | 105600 | 90600 | 3910 | 201661 | 0 |
| 16. | শ্রমজীবী | ৩ | 51 | 12 | 63 | 48800 | 111200 | 6380 | 167847 | 0 |
| 17. | সঞ্চয় ও ঋণদান | ৬ | 111 | 87 | 198 | 171800 | 621297 | 38209 | 1467984 | 535867 |
| 18. | সিআইজি (কৃষি) | ৪৮ | 974 | 456 | 1430 | 1572300 | 1827600 | 1626 | 4051061 | 0 |
| ১৯. | সিআইজি (প্রাণি) | ৫ | 15 | 45 | 60 | 60000 | 35000 | 617 | 95309 | 0 |
| ২০. | সিআইজি (মৎস্য) | ১০ | 138 | 62 | 200 | 218300 | 321400 | 843 | 541068 | 0 |
| | সর্বমোট : | ১৬২ | 3844 | 3164 | 7008 | 4571840 | 61748967 | 497284 | 73348605 | 58058510 |

(২) পউবোভুক্ত প্রাথমিক সমবায় সমিতির তথ্য:

| ক্র:নং | ক্যাটাগরি | কৃষক | মহিলা | বিত্তহীন | মহিলা বিত্তহীন | মোট |
|---|---|---|---|---|---|---|
| 01 | ইউসিসিএ লি: এর আওতায় সমিতি সংখ্যা | ১২৬ | ৫৯ | - | - | ১৮৫ |
| 02 | ইউবিসিসিএ লি: এর আওতায় সমিতি সংখ্যা | - | - | ৪৫ | ১১১ | ১৫৬ |
| | মোটঃ | ১২৬ | ৫৯ | ৪৫ | ১১১ | ৩৪১ |

(৩) কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা (পউবো): মোট ২টি

(৪) সরকারী রাজস্ব ও তহবিল আদায় সংক্রান্ত তথ্যঃ

| সন | সরকারী রাজস্ব আদায় | সমবায় উন্নয়ন তহবিল আদায় |
|---|---|---|
| ২০২১-২২ সনে | ৩৮১৮০ | ১৩৮৭৫ |
| ২০২২-২৩ সনে | ২৬৪৮০ | ৭৮১৭ |

(৫) বিভাগীয় প্রাথমিক সমিতি সংখ্যাঃ

| সন | ৩০/০৬/২০২২ তারিখে সমিতি সংখ্যা | নিবন্ধন | বাতিল | ৩০/০৬/২০২৩ তারিখে সমিতি সংখ্যা |
|---|---|---|---|---|
| ২০২২-২৩ সনে | ১৫৮টি | ১১টি | ০৭টি | ১৬২টি |

(৬) সমিতিতে লভ্যাংশ বন্টন সংক্রান্ত তথ্যঃ

| সন | লভ্যাংশ বন্টনকারী সমিতি সংখ্যা | টাকার পরিমান |
|---|---|---|
| ২০২২-২৩ সনে | ৮১টি | ১৬২৭২৩ |

## উপজেলা সমবায় বিভাগের সেবাসমূহঃ

০১. প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন প্রক্রিয়াকরণ ও জেলা সমবায় অফিসে প্রেরণ;
০২. প্রাথমিক সমবায় সমিতির উপ-আইন সংশোধনের নিমিত্ত যাচাই-বাছাই ও জেলা সমবায় অফিসে প্রেরণ;
০৩. প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির বার্ষিক বাজেট যাচাই-বাছাই ও জেলা সমবায় অফিসে প্রেরণে;
০৪. সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই;
০৫. সমবায় সমিতির বার্ষিক অডিট কার্যক্রম সম্পাদন;
০৬. সমবায় সমিতি নির্বাচন কমিটি নিয়োগের নিমিত্ত জেলা সমবায় অফিসে প্রেরণ;
০৭. সমবায় সমিতি অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ (ক্ষেত্রমতে);
০৮. সমবায় সমিতির সদস্যদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম;
০৯. সমবায় সমিতি পরিদর্শন, তদারকি; ইত্যাদি কার্যক্রম।

## বাংলাদেশে সমবায়ের সংক্ষিপ্ত ইতিহাস

এদেশের সমবায় ইতিহাস প্রায় ৫০০ বছর হবে। তবে কৃষি ও কৃষকের সমস্যা সমাধানের লক্ষ্যে এ উপমহাদেশের ১৯০৪ খ্রীষ্টাব্দে সমবায়ের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়, যা গঠনের বয়স ১০০ বছরের বেশী। কৃষি/কৃষক সমবায় সমিতি সংগঠন/নিবন্ধনের পাশাপশি বর্তমানে বহুমুখী, সঞ্চয় ও ঋণদান, মৎস্যজীবি, দুগ্ধ উৎপাদনকারী, ব্যবসায়ী সমবায় সমিতি সহ ৩৫ (পঁয়ত্রিশ) ক্যাটাগরির সমবায় সমিতি সংগঠন ও নিবন্ধনের মাধ্যমে সমবায়ের কার্যক্রম এগিয়ে চলছে।

### সমবায়ের ৭টি মূলনীতিঃ

1. স্বতঃস্ফূর্ত ও অবাধ সদস্যপদ (Voluntary and open Membership)
2. সদস্যের গণতান্ত্রিক নিয়ন্ত্রণ (Democratic Member Control)
3. সদস্যের আর্থিক অংশ গ্রহণ (Member Economic Participation)
4. স্বায়ত্বশাসন ও স্বাধীনতা (Autonomy and Independence)
5. শিক্ষা, প্রশিক্ষণ ও তথ্য (Education, Training & Information)
6. আন্তঃসমবায় সহযোগিতা (Co-operation among Co-operative)
7. সামাজিক অঙ্গীকার (Concern for Community)

# উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা।

**১. উপজেলা সমবায় দপ্তর, আটঘরিয়া, পাবনা এর রুপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী:**

**১.১ রুপকল্প:**

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য:**

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

**১.৩ উদ্দেশ্যসমূহ:**

০১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;
০২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ
০৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন;
০৪. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ;
০৫. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;
০৬. মানসম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;
০৭. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ;
০৮. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
০৯. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
১০. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
১১. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
১২. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

**১.৪ কার্যাবলী:**

১. সমবায়নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;

২. সমবায় নিরীক্ষা, পরিদর্শন ও পর্যালোচনার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩. সমবায় দপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪. সমবায় সদস্যবৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি, উদ্যোক্তা সৃষ্টিতে সহায়তা প্রদান এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র হ্রাস করা;

৫. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;

৬. সমবায় ভিত্তিক কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;

৭. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা;

৮. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচি এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সমবায় অধিদপ্তরকে সহযোগিতা করা;

বার্ষিক প্রতিবেদন২০২২-২৩

## ২. সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন বছরে মোট ৩৯টি (২০২০-২১ সালে ১৬টি, ২০২১-২২ সালে ১৩টি ও ২০২২-২৩ সালে ১১টি) নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে। তন্মধ্যে ২০২২-২৩ সালে ১১টি সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে এবং প্রায় ২৪৩ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে এবং সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন করা হয়েছে ২০১৯-২০ সনের ১৪১টি, ২০২০-২১ সনের ১৫৫টি এবং ২০২১-২২ সনের ১৫৮টি। বিগত ৩ অর্থ বছরে ২৫০ জন (২০২০-২১ সালে ১০০জন, ২০২১-২২ সালে ১০০জন ও ২০২২-২৩ সালে ৫০জন) সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া 'রূপকল্প ২০২১', 'এসডিজি' অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ১৫০জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে।

## ৩. সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে আটঘরিয়া উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে আটঘরিয়া উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় বিভাগীয় নিবন্ধিত সমবায় এর সংখ্যা প্রায় ১৬১টি, তন্মধ্যে সিআইজি সমবায় সমিতি ৬৪টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট, পরিদর্শন, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

## ৪. ভবিষ্যৎ পরিকল্পনা:

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি অত্র উপজেলার নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

## ৫. ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ০১ টি মডেল সমবায় সংগঠন করা হবে;
- ৭৫ জন সমবায়ীকে চাহিদাভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ১৬২ টি সমবায় সমিতির ২০২৩-২৪ বর্ষের বার্ষিক নিরীক্ষা সম্পাদন করা হবে।

## ৬. প্রশিক্ষণ প্রতিষ্ঠান:

মানব সম্পদ উন্নয়নে সমবায় অধিদপ্তর উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে। দেশের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে সমবায় অধিদপ্তর, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা ও ১০ টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট এর মাধ্যমে বিভাগীয় কর্মকর্তা/কর্মচারী এবং সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করে থাকে। আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট ১০টি হচ্ছে কুষ্টিয়া, নওগাঁ, রংপুর, মুক্তাগাছা, ফরিদপুর, ফেনী, মৌলভীবাজার, খুলনা, বরিশাল ও নরসিংদী।

**৭. সমবায় দিবস:**

আন্তর্জাতিক সমবায় দিবসঃ জুলাই মাসের ১ম শনিবার
জাতীয় সমবায় দিবসঃ নভেম্বর মাসের ১ম শনিবার

**৮. সমিতির স্তর বিন্যাস: বাংলাদেশের সমবায় সমিতিসমূহ ৩টি স্তরে গঠন করা হয়ে থাকে-**

ক. প্রাথমিক সমবায় সমিতি
খ. কেন্দ্রীয় সমবায় সমিতি
গ. জাতীয় সমবায় সমিতি

**৯. প্রশাসনিক কর্মকান্ড:**

কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব রাজেটে):

| দপ্তরের নাম | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| উপজেলা সমবায় দপ্তর, আটঘরিয়া, পাবনা | ০৫ | ০৪ | ০১ |

**১০. কর্মসংস্থান:**

সমবায় সমিতির মাধ্যমে প্রতি বছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থবছরেও প্রায় ৬০ জনকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হয়েছে।

**১১. সমবায় প্রশিক্ষণ:**

উপজেলা সমবায় দপ্তর, আটঘরিয়া, পাবনা কর্তৃক জনগণকে উদ্বুদ্ধকরণ ও তৃণমূল জনগণকে সংগঠিত করে উন্নয়নের মূলস্রোতে নিয়ে আসার লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা ও আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাধ্যমে সমবায়ীদের জীবনমান উন্নয়নের জন্য বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। সমবায় সমিতির কার্যক্রমে আইনানুগ নিয়ন্ত্রণ ও সমবায়ীদের উন্নয়নমূলক কর্মকান্ডে গতিবৃদ্ধির জন্য সমবায় প্রশিক্ষণের প্রয়োনীয়তা অপরিসীম। এ লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটের পাশাপাশি এ উপজেলায় ভ্রাম্যমাণ সমবায় প্রশিক্ষণ ইউনিটের মাধ্যমে চাহিদানুযায়ী তৃণমূল পর্যায়ের সমবায় ব্যবস্থাপনা, হাঁস-মুরগী ও গবাদী পশু-পালন, বৃক্ষরোপন, স্যানিটেশন, কৃষি প্রভৃতি আয়বর্ধক ও আত্ম-কর্মসংস্থানমূলক বিষয়সহ জাতীয় কর্মসূচির আওতাভূক্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক এ উপজেলায় ৫০ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

গ্রামীন পর্যায়ের দারিদ্র্যপীড়িত, অধিকার বঞ্চিত নারী সমবায়ীদের আত্ম জিজ্ঞাসা ও আত্মোপলব্ধি সৃষ্টির মাধ্যমে ব্লক-বাটিক প্রস্তুত বিষয়ের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মধ্য দিয়ে তাদের আত্মনির্ভশীল করে একজন সফল উদ্যোক্তা বা সফল সমবায়ী কর্মী হিসেবে গড়ে তোলা এবং টেকসই উন্নয়নের মাধ্যমে পারিবারিক ও সামাজিকভাবে নিজেদের প্রতিষ্ঠিত করা, প্রশিক্ষণ পরবর্তীতে প্রশিক্ষণার্থীদের কর্মদক্ষতা ও কাজের পরিধি সরেজমিনে যাচাই করে কর্মদক্ষতা ও কাজের পরিধির উপর ভিত্তি করে নিজ সমিতি কর্তৃপক্ষের নিকট স্বল্প সুদে প্রয়োজনীয় ঋণের জন্য সুপারিশ করাই প্রশিক্ষণের উদ্দেশ্য।

**১২. সমবায় সমিতির অডিট:**

অডিট হলো সমবায় সমিতির হিসাবাদি ও অন্যান্য কার্যক্রমে সঠিক চিত্র তুলে ধরা। এ লক্ষ্যে ২০২২-২৩ সালে ২টি কেন্দ্রীয় ও ১৫৮টি সমবায় সমিতির অডিট কার্য্য সম্পাদন করা হয়।

**১৩. প্রচার কার্যক্রম:**

- ❖ বিভিন্ন সভা ও প্রশিক্ষণ আয়োজন;
- ❖ জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপন;
- ❖ জাতীয় পুরস্কার সংক্রান্ত কার্যক্রম;
- ❖ সমবায় সংক্রান্ত বিভিন্ন প্রদর্শনী যেমন-মেলা আয়োজন করা;
- ❖ বইপত্র, সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণ;

**১৪. ৫১তম জাতীয় সমবায় দিবস উদযাপন:**

৫ নভেম্বর ২০২২ তারিখে ৫১তম জাতীয় সমবায় দিবস উপলক্ষ্যে উপজেলা সমবায় দপ্তর, আটঘরিয়া, পাবনা এর সার্বিক তত্ত্বাবধানে ও আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠান উপজেলা নির্বাহী কর্মকর্তা, আটঘরিয়া, পাবনা এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা সমবায় কর্মকর্তা, বিভিন্ন দপ্তরসমূহের প্রধানগণ, জনপ্রতিনিধিসহ বিশিষ্ট সমবায়ীগণ উপস্থিত থেকে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। এ বছর সমবায় দিবসের প্রতিপাদ্য ছিল "বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন"।







## আটঘরিয়া উপজেলার ১টি সফল সমবায় সমিতির তথ্য

| ক্রমিক নং | জেলা | উপজেলা | সমবায় সমিতির নাম, নিবন্ধন নং ও তারিখ | সমবায় সমিতির ঠিকানা | সদস্য সংখ্যা | পরিশোধিত শেয়ার | সঞ্চয় আমানত | কার্যকরী মূলধন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | পাবনা | আটঘরিয়া | প্রেরণা মহিলা সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং-৮৯, তারিখঃ-১০/০৬/২০০৯ | গ্রামঃশ্রীকান্তপুর ডাকঃ দেবোত্তর, উপজেলাঃ আটঘরিয়া, জেলাঃ-পাবনা | ২২৭ | ৩১৩০০ | ৫৯৮৬৬২৬৮ | ৬০৪১৯০১ |

# একটি সফল সমবায় সমিতি

১.০০: সমিতির প্রাথমিক বিবরনী:

| | |
|---|---|
| (ক) সমিতির নাম | : প্রেরণা মহিলা সমবায় সমিতি লিঃ। |
| (খ) নিবন্ধন নং | : নিবন্ধন নম্বর: ৮৯, তারিখ: ১০/০৬/২০০৯ খ্রি.। |
| (গ) ঠিকানা | : গ্রাম: শ্রীকান্তপুর, পো: মতিঝিল, উপজেলা: আটঘরিয়া, জেলা: পাবনা। |
| (ঘ) সমিতির কর্মএলাকা | : সমগ্র আটঘরিয়া উপজেলা ব্যাপী। |
| (ঙ) সমিতির সদস্য সংখ্যা | : ২২৭ জন। |
| (চ) সমিতির সর্বশেষ নির্বাচনের তারিখ | : ০১/০৬/২০১৯ খ্রি.। |
| (ছ) সমিতির সর্বশেষ বার্ষিক সাধারণ সভার তারিখ | : ১৫/১১/২০২০ খ্রি.। |
| (জ) ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যা | : ০৬ জন। |
| (ঝ) ব্যবস্থাপনা কমিটির বিবরণ | : |

| ক্রঃনং | নাম | পদবী | সর্বশেষ নির্বাচনের তারিখ | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ শাহানা খাতুন | সভাপতি | ০১/০৬/২০১৯খ্রি: | ০১৭৯৫১৬৪০৬০ |
| ০২ | মোছাঃ শাহানাজ খাতুন | সহ:সভাপতি | ০১/০৬/২০১৯খ্রি: | ০১৩০৪১১৫৯৯৩ |
| ০৩ | মোছাঃ ডালিম খাতুন | সম্পাদক | ০১/০৬/২০১৯খ্রি: | ০১৮৬১৭২০৯৪৪ |
| ০৪ | মোছাঃ কুলছুম খাতুন | সদস্য | ০১/০৬/২০১৯খ্রি: | - |
| ০৫ | মোছাঃআছিয়া খাতুন | সদস্য | ০১/০৬/২০১৯খ্রি: | - |
| ০৬ | মোছাঃ কমেলা খাতুন | সদস্য | ০১/০৬/২০১৯খ্রি: | - |

২.০০: সমিতি গঠনের প্রেক্ষাপট/ইতিহাস : সমিতি গঠনের প্রাক্কালে,পাবনা জেলার আটঘরিয়া উপজেলাধীন শ্রীকান্তপুর গ্রাম ছিল অধিকাংশ দরিদ্র মানুষের বসবাস। বিশেষ করে গ্রামের মহিলাগণ ছিল অবহেলিত এবং উপেক্ষিত। এই বিষয়টি অনুধাবন করে সমিতির বর্তমান সভাপতি মোছাঃ শাহানা খাতুনের নেতৃত্বে কতিপয় মহিলা গবাদী পশু পালন, ক্ষুদ্র ব্যবসা ও বিভিন্ন প্রকার ফসল উৎপাদন খাতে ঋণ প্রদানের মাধ্যমে নিজেদের আত্ম-কর্মসংস্থান ও আর্থ-সামাজিক উন্নয়নে নিজেদের নিয়োজিত করার উদ্দেশ্যে একটি মহিলা সমবায় সমিতি গঠনের উদ্যোগ গ্রহন করেন। সে প্রেক্ষিতে ২০০৯ সালে গ্রামের ২০ জন মহিলা সদস্য নিয়ে অত্র সমিতি গঠিত হয় এবং সমবায় অধিদপ্তরের নিবন্ধন লাভ করে।

৩.০০: সমবায় সমিতির প্রতিষ্ঠা ও নিবন্ধন লাভ : ২০০৯ সালের জানুয়ারি মাসে অত্র গ্রামের ২০ জন মহিলা একত্রিত হয়ে সমবায় ভিত্তিক কার্যক্রম পরিচালনার মানসে শেয়ার ও সঞ্চয় জমার মাধ্যমে সমিতির কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে প্রচলিত সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক আবেদনের মাধ্যমে ২০০৯ সালের ১০/০৬/২০০৯ খ্রি: তারিখে সমিতিটি জেলা সমবায় অফিস, পাবনা হতে ৮৯ নম্বরে নিবন্ধন লাভ করে এবং তখন থেকেই সমিতিটি সমবায় অধিদপ্তরের আওতাধীন একটি নিবন্ধিত সমবায় সমিতি হিসেবে পথচলা শুরু করে।

৪.০০ সমবায় সমিতির নিবন্ধন পরবর্তী অবস্থা : অত্র এলাকায় সমিতিটি নিবন্ধন লাভের পর ২০ জন সদস্য অল্প অল্প শেয়ার ও সঞ্চয় জমা করে সমিতির তহবিল বৃদ্ধির পদক্ষেপ গ্রহন করেন এবং সদস্য বৃদ্ধিসহ সমিতির স্বল্প পুঁজি/তহবিল বিভিন্ন খাতে কিছু কিছু সদস্যকে ক্ষুদ্র ঋণ দিয়ে আয়-বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত হওয়ার জন্য উৎসাহ প্রদান করতে থাকেন। ফলশুতিতে এলাকার অবহেলিত এবং উপেক্ষিত নারী সমাজের মধ্যে সমিতিটির কার্যক্রম ব্যাপকভাবে প্রশংসিত হয় এবং সমিতির সদস্য সংখ্যা ও তহবিল উত্তরোত্তর বৃদ্ধি পেতে থাকে। এরই প্রেক্ষিতে সমিতি উহার তহবিল সদস্যদের মধ্যে বিভিন্ন আয়বর্ধন মুলক খাতে বিনিয়োগ করে এলাকায় যেমন মহিলা আত্মকর্মী সৃষ্টি করতে সক্ষম হয়েছে তেমনি সমিতির উন্নয়ন ঘটাতেও সক্ষম হয়েছে। নিম্নে সমিতির কর্মকান্ডের সাফল্যের কিছু স্থির চিত্র প্রদান করা হলো।

৫.০০: সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য : আর্থ-সামাজিক উন্নয়নসহ গ্রামের মহিলাদেরকে সমিতির সদস্যভুক্ত করে সদস্যদের নিকট হতে শেয়ার ও সঞ্চয় আমানত গ্রহনের মাধ্যমে পুজিঁ গঠন, সদস্যদের আর্থিক ও ঋণ সহায়তা প্রদান এবং অন্যান্য কার্যক্রম গ্রহনের মাধ্যমে মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, নারীর আত্মনির্ভরশীলতা অর্জন ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করাই সমিতিটির মূল লক্ষ্য ও উদ্দেশ্য।

৬.০০: সমিতির আর্থিক বিবরণী:

| ক্রঃনং | বিষয় | সমিতির নিবন্ধন কালে | বর্তমানে | পরিবর্তন/বৃদ্ধি(%) |
|---|---|---|---|---|
| ১ | সদস্য সংখ্যা | ২০ জন | ২২৭ জন | ১০০% এর বেশী |
| ২ | সমিতির অংশগত মূলধন | ২০,০০০ | ৩১,৩০০ | বৃদ্ধি |
| ৩ | সমিতির সঞ্চয় আমানত | ৬,০০০ | ৫৯,৮৬,২৬৮ | ৫৭% |
| ৪ | সমিতির প্রাপ্ত অনুদান | - | - | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ৫ | সমিতির বিবিধ আয় (ভর্তি ফি) | ১০০০ | ৭৫০০ | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ৬ | সংরক্ষিত তহবিল | - | ১০,২৯০ | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ৭ | কু-ঋণ তহবিল | - | ৬৮৬১ | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ৮ | সমিতির কার্যকরী মূলধন | ২৬,০০০ | ৬০,৪১,৫৮০ | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ৯ | সমিতির গৃহীত ঋণের পরিমাণ | - | ২,৭৩,০৫০ | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ১০ | সমিতির হস্ত মজুদের পরিমাণ | ২৬,০০০ | - | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ১১ | সমিতির ব্যাংক জমার পরিমাণ | - | ৮,৮০,৪১৬ | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ১২ | ব্যাংকের নাম ও হিসাব নং | রুপালী ব্যাংক লিঃ, দেবত্তর, পাবনা সঃহিঃনং-৩৭৯৮০১০০০৮৪৩৮ | রুপালী ব্যাংক লিঃ, দেবত্তর, পাবনা সঃহিঃনং-৩৭৯৮০১০০০৮৪৩৮ | - |
| ১৩ | সমিতির অফিস ঘর ও ভাড়ার পরিমাণ | - | নিজস্ব জায়গায় অফিস | - |
| ১৪ | সমিতির কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা বেতনের পরিমাণ | - | ০১ জন বেতন ১৩,০০০/=(মাসিক) | বৃদ্ধি |
| ১৫ | সমিতির অস্থাবর সম্পত্তির পরিমাণ | - | ১,০০,০০০ | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ১৬ | সমিতির স্থাবর সম্পত্তির পরিমাণ | - | ৩,০০,০০০ | ১০০% এর বেশী বৃদ্ধি |
| ১৭ | রেজিষ্টার সংখ্যা | ০৬টি | ১০টি | ৬৭% |
| ১৮ | হিসাব সংরক্ষণ পদ্ধতি | রেজিষ্টারে হিসাব লিপিবদ্ধ করনের মাধ্যমে | রেজিষ্টারে হিসাব লিপিবদ্ধ করনের মাধ্যমে | - |
| ১৯ | সমিতির শ্লোগান | সমবায় এর মাধ্যমে নারীর ক্ষমতায়ন | সমবায় এর মাধ্যমে নারীর ক্ষমতায়ন | - |

৭.০০ সমিতির কার্যক্রম সমূহ/প্রকল্প সমূহ : ক্ষুদ্র ঋণ প্রকল্প ও পিঁয়াজ চাষ প্রকল্প।

৮.০০ সমিতির আর্থিক কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিকরণে পদক্ষেপ : দৈনিক আদায়কৃত শেয়ার, সঞ্চয় ও ঋণের টাকা দৈনিক ব্যাংকে জমা প্রদান, সমিতির আর্থিক হিসাব সমূহ বিভিন্ন রেজিষ্টারে লিপিবদ্ধকরন, ব্যবস্থাপনা কমিটির মাসিক সমন্বয় মিটিং ও বার্ষিক সাধারণ সভায় জবাবদিহি করণের মাধ্যমে সমিতির আর্থিক কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরণে পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে।

৯.০০ সমিতির মাধ্যমে কর্মসংস্থান : ৭৭ জন সদস্য সমিতির মাধ্যমে বিভিন্ন পেশায় কর্মসংস্থান সৃষ্টি করেছে। যেমন ছাগল পালন, গরু পালন, সবজি চাষ, পোষাক তৈরি ইত্যাদি।

১০.০০ সমিতির প্রতিষ্ঠানীকিরণে গৃহীত পদক্ষেপ:

| ক্রঃ নং | মানদন্ড | বিবরণ |
|---|---|---|
| ১ | সমিতির সুনাম (Good Will) সদস্য ও জনগণের নিকট গ্রহণযোগ্যতা/আস্থা সৃষ্টিকারী কর্মকান্ড | সমিতির সদস্যদের মধ্যে বিভিন্ন খাতে ঋণ প্রদানের মাধ্যমে অনেক সদস্যের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে এবং বর্তমানে তারা আত্ননির্ভরশীল। এছাড়া সমিতিটি বিনামুনাফায় শিক্ষা সহায়তা ঋণ, আপদকালীন ঋণ, নলকুপ ঋণ ও স্যানিটেশন ঋণ প্রদান করে থাকে। অপরদিকে সামাজিক দায়িত্ব হিসেবে বৃক্ষরোপন, শীত বস্ত্র বিতরন ইত্যাদি কার্যক্রম করে থাকে। |
| ২ | বিধিবদ্ধ কাজসমূহ ধারাবাহিকভাবে সম্পাদন। | দৈনিক আদায়কৃত শেয়ার, সঞ্চয় ও ঋণের টাকা দৈনিক ব্যাংকে জমা প্রদান, সমিতির আর্থিক হিসাব সমুহ বিভিন্ন রেজিষ্টারে লিপিবদ্ধ করন, ব্যবস্থাপনা কমিটির মাসিক সমন্বয় মিটিং ও বার্ষিক সাধারন সভা ইত্যাদি বিধিবদ্ধ কাজ সমূহ ধারাবাহিক ভাবে সম্পাদন করা হয়ে থাকে। |
| | নির্বাচন অনুষ্ঠান | সমবায় আইন ও বিধিমালার আলোকে স্বত:স্ফুর্ত ও আনন্দঘন পরিবেশে গত ০১/০৬/২০১৯খ্রি: তারিখে বিশেষ সাধারন সভায় বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচন সম্পন্ন হয়েছে। |
| | মাসিক সভা সম্পাদন | প্রতি মাসে ০১টি করে। |
| | অডিট সম্পাদন | অত্র সমিতির ২০১৯-২০২০ সালের অডিট ১৭/০৯/২০২০খ্রি তারিখে ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের উপস্থিতিতে সমিতির অফিস ঘরে সম্পন্ন হয়েছে। |
| | বার্ষিক সাধারণ সভা | সমবায় আইন ও বিধিমালার আলোকে স্বত:স্ফুর্ত ও আনন্দঘন পরিবেশে গত ১৫/১১/২০২০ খ্রি: তারিখে স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তিবর্গ ও সংখ্যা গরিষ্ঠ সদস্যদের উপস্থিতিতে বার্ষিক সাধারন সভা সম্পন্ন হয়েছে। |
| | আর্থিক কর্মকান্ড পরিচালনা | বার্ষিক সাধারন সভাতে সমিতির বাজেট অনুমোদন সাপেক্ষে আর্থিক কার্যক্রম পরিচালনা হয়ে থাকে এবং লেনদেন অন্তে সমিতির নামীয় ব্যাংক হিসাবে মজুত তহবিল জমা করা হয়। |
| | রেকর্ডপত্র সংরক্ষণ | বিধিবদ্ধ ভাবে |
| | অডিট ফি ও সিডিএফ পরিশোধ | নিয়মিত অডিট ফি ও সিডিএফ পরিশোধ করা হয়। |
| ৩ | সমিতির স্বাতন্ত্র্য অবস্থান | সন্তোষজনক |
| | সমিতির নিজস্ব শ্লোগান | সমবায় এর মাধ্যমে নারীর ক্ষমতায়ন |
| | সমিতির সাইনবোড | আছে |
| | সীল মোহর | আছে |
| | লোগো | - |
| | সদস্যদের আইডি কার্ড | - |
| | সমবায় পতাকা/জাতীয় পতাকা | আছে |
| ৪ | সমিতির পরিকল্পনা দলিল | আছে |
| ৫ | সমিতির প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | আছে |
| ৬ | স্থায়ী সম্পদ (জমি, যানবাহন ইত্যাদি) | আছে (জমি ২.২০শতাংশ) |
| ৭ | নিজস্ব অবকাঠামো (দালানকোঠা ইত্যাদি) | আছে (টিন সেড অফিস ঘর) |
| ৮ | নিজস্ব অফিস ঘর ও সমিতির নামীয় ব্যাংক একাউন্ট | সমিতির নিজস্ব জায়গায় একটি টিন সেড ঘর অফিস হিসেবে ব্যবহৃত হয়। সমিতির নামীয় ব্যাংক হিসাব নং- ৩৭৯৮০১০০০৮৪৩৮, রুপালী ব্যাংক, দেবত্তর শাখা, পাবনা। |
| ৯ | নিজস্ব ব্রান্ড/নিজস্ব উদ্যোগ/সরকার ও অন্যান্য প্রতিষ্ঠান থেকে স্বীকৃতি/পুরস্কার | সমিতির নিজস্ব ব্যান্ড না থাকলে ও নারীদের নিয়ে বিভিন্ন কর্মকান্ডের উপজেলা মহিলা বিষয়ক দপ্তর থেকে বিভিন্ন সময় কাজের স্বীকৃতি পেয়েছে। |
| ১০ | সমিতির সদস্যদের জন্য আয়বর্ধক কর্মসূচী | আছে |
| ১১ | দক্ষ ও নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠনের উদ্যোগসমূহ | সন্তোষজনক |
| ১২ | দক্ষ কর্মকর্তা/কর্মচারী সৃজনের উদ্যোগ | সন্তোষজনক |
| ১৩ | সদস্যদের ঐক্য ও সচেনতা বৃদ্ধির উদ্যোগ | সন্তোষজনক |
| ১৪ | কর্মকর্তা কর্মচারীদের জন্য সার্ভিস রূল (Service Rule) | সার্ভিস রুল প্রনয়ণ করা আছে। |
| ১৫ | আইন সম্মত কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ | অনুমোদন গ্রহন করা হয়েছে |

| ক্রঃ নং | মানদন্ড | বিবরণ |
|---|---|---|
| ১৬ | সমিতির ধারাবাহিকতা ও টেকসইত্ব নিশ্চিতকরণের উদ্যোগ | সন্তোষজনক |

| | | |
|---|---|---|
| ১১.০০: সমিতির সামাজিক কর্মকান্ড/দায়বদ্ধতা | : | সমিতির মাধ্যমে দু:স্থ সদস্যদের চিকিৎসা সেবা, কন্যাদায়গ্রস্থ সদস্যদের বিবাহকালীন সহায়তা প্রদান, গরীব মেধাবী ছাত্র/ছাত্রীদের উৎসাহমূলক বৃত্তি প্রদান, পরিবেশের ভ্যারসাম্য রক্ষায় গাছের চারা ও তাল বীজ রোপণ ও দু:স্থ শীতার্তদের মধ্যে শীতবস্ত্র বিতরণ প্রভৃতি সামাজিক কর্মকান্ড রয়েছে যাহা প্রশংসনীয়। |
| ১২.০০: সমিতির সাফল্য সমূহ | : | সমিতির মাধ্যমে সদস্যদের মধ্যে মিতব্যয়ীতার অভ্যাস সৃষ্টি, মূলধন গঠন ও স্ব-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। ফলে সকল সদস্যই অত্র সমিতির মাধ্যমে পরিবারের আয় বৃদ্ধি করছে। যার ফলে সদস্যগণের সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে এবং সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটেছে। |
| ১৩.০০ সমিতির সাফল্যের কারণসমূহ | : | সদস্যদের সমবায় মনভাব সমবায়ের প্রতি শ্রদ্ধা, নিজ কর্ম/পেশার প্রতি শ্রদ্ধা ও নিষ্ঠা, সামাজিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধা ও সচেতনতা, সামাজিক কর্মকান্ড পরিচালনা এবং সদস্যদের মাঝে বিভিন্ন খাতে ঋণ প্রদানের মাধ্যমে সদস্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে এবং করছে, ফলে বর্তমানে সমিতির সদস্যগণ আত্মনির্ভরশীল। |
| ১৪: নারীর ক্ষমতায়নে সমিতির উদ্যোগ ও ভূমিকা | : | অত্র সমিতির মাধ্যমে নারীদের নেতৃত্বের বিকাশ ঘটানোর জন্য বিভিন্ন সচেতনামূলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। |
| ১৫.০০: সমিতির কার্যক্রমের বিশেষত্ব ও অনন্যতা | : | দৈনিক আদায়কৃত শেয়ার, সঞ্চয় ও ঋণের টাকা দৈনিক ব্যাংকে জমা প্রদান, সমিতির আর্থিক হিসাব সমূহ বিভিন্ন রেজিষ্টারে লিপিবদ্ধ করণ, ব্যবস্থাপনা কমিটির মাসিক সমন্বয় মিটিং ও বার্ষিক সাধারন সভায় জবাবদিহি করনের মাধ্যমে সমিতির আর্থিক কার্যক্রমে স্বচ্চতা নিশ্চিত করণে পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে। |
| ১৬.০০: সমিতির বিদ্যমান প্রতিবন্ধকতা/অন্তরায়সমূহ | : | নারীর ক্ষমতায়নে আরোও নতুন নতুন প্রকল্প গ্রহণ করার পরিকল্পনা থাকলেও আর্থিক সংকটের কারনে তা দ্রুত বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। |
| ১৭.০০: সমিতির ভবিষ্যৎ পরিকল্পনা | : | নারীর ক্ষমতায়নে আরোও নতুন নতুন প্রকল্প গ্রহণ করা। |



প্রেরণা মহিলা সমবায় সমিতি লি:,আটঘরিয়া, পাবনা এর অর্থায়নে সবজী চাষ।



প্রেরণা মহিলা সমবায় সমিতি লি:,আটঘরিয়া, পাবনা এর অর্থায়নে সবজী চাষ।



প্রেরণা মহিলা সমবায় সমিতি লি:,আটঘরিয়া,
পাবনা এর অর্থায়নে টেইলারিং।



প্রেরণা মহিলা সমবায় সমিতি লি:,
আটঘরিয়া,পাবনা এর অর্থায়নে রসুন চাষ



প্রেরণা মহিলা সমবায় সমিতি লি:,আটঘরিয়া, পাবনা এর
অর্থায়নে গাভী পশুপালন।



প্রেরণা মহিলা সমবায় সমিতি লি:,আটঘরিয়া,
পাবনা এর অর্থায়নে গাভী পশুপালন



প্রেরণা মহিলা সমবায় সমিতি লি:,আটঘরিয়া,
পাবনা এর অর্থায়নে ছাগলপালন।